দৈনিক সংবাদ

16

তারিখ 03 DEC 1986
পৃষ্ঠা 6 কলাম 5

জামালপুর আইন মহাবিদ্যালয়

# ২৫০ জন ছাত্রছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত

জামালপুর, ১লা ডিসেম্বর (জেলা বার্তা পরিবেশক)।-প্রতিষ্ঠার দেড় বছর পরেও প্রতিষ্ঠানের নিজস্ব ভবন গড়ে না ওঠায় এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রয়োজনীয় অনুমোদন না পাওয়ায় জামালপুর আইন মহাবিদ্যালয়ে অধ্যয়নরত ২৫০ ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। সেই সঙ্গে পাঠাগারসহ বিভিন্ন শিক্ষা উপকরণ এবং আসবাবপত্রের অভাবে শিক্ষা প্রতিষ্ঠানটিতে শিক্ষাদানের কাজ বিভিন্নভাবে ব্যাহত হচ্ছে।

গত বছরের গোড়ার দিকে জামালপুর আইন মহাবিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। আইন মহাবিদ্যালয়ের জন্যে প্রয়োজনীয় তহবিল সংগ্রহ, পরিচালকমণ্ডলী নির্বাচন ও শিক্ষক মণ্ডলী নিয়োগ ইত্যাদি কাজ শেষে ১৯৮৫ সনের জুলাই শিক্ষাবর্ষ থেকে আইন মহাবিদ্যালয়ে ছাত্র ভর্তির কাজ শুরু হয়। ১২ জন শিক্ষক এবং ১ম বর্ষের ২ শতাধিক ছাত্র-ছাত্রী নিয়ে জামালপুর আইন মহাবিদ্যালয়ের ক্লাস শুরু হয়। আইন মহাবিদ্যালয় হিসেবে বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয় অনুমোদনের জন্যে আবেদন জানানো হয় যথারীতি।

কিন্তু আজ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অনুমোদন মেলেনি। এদিকে, ১ম বর্ষের ছাত্র-ছাত্রীরা ২য় বর্ষে উন্নীত হয়েছেন। চলতি শিক্ষাবর্ষে এল, এল, বি চূড়ান্তপর্বের পরীক্ষা দেওয়ার জন্যে তৈরীও হয়েছেন এরা। কিন্তু বিশ্ববিদ্যালয় থেকে প্রয়োজনীয় স্বীকৃতিপত্রটি আজও এসে পৌছায়নি। ফলে ২শতাধিক পরীক্ষার্থী চলতি শিক্ষাবর্ষে পরীক্ষা দিতে পারবে কিনা, এ নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। আইন মহাবিদ্যালয় রূপে বিশ্ববিদ্যালয়ের অনুমোদন সাপেক্ষে চলতি শিক্ষাবর্ষে এই ২ শতাধিক ছাত্র-ছাত্রী পরীক্ষা দেয়ার অনুমতি পাবে কি না সে বিষয়টিরও কোন নিষ্পত্তি হয়নি। এই অনিশ্চয়তার ফলে পরীক্ষার্থী ছাত্রছাত্রীরা হতাশায় ভুগছেন।

বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয় অনুমতি পাওয়ার ক্ষেত্রে সৃষ্ট এই অনিশ্চিত অবস্থার জন্যে চলতি শিক্ষাবর্ষে আইন মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রী ভর্তির হার বেশ খানিকটা কমে গেছে। এ পর্যন্ত মাত্র ৫০ জন ছাত্রছাত্রী ভর্তি হয়েছেন। ১ম বর্ষে নতুন ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীরাও একই কারণে সমূহ হতাশায় ভুগছেন।

অপরদিকে, প্রতিষ্ঠার দেড় বছর পরেও শিক্ষা প্রতিষ্ঠানটির নিজস্ব কোন ভবন আজ পর্যন্ত গড়ে ওঠেনি। আইন মহাবিদ্যালয়টি স্থাপনের সময় স্থানীয় জেলা প্রশাসন আশ্বাস দিয়েছিলেন খুব শিগগিরই আইন মহাবিদ্যালয়ের জন্য প্রয়োজনীয় জমি দেয়া হবে। নিজস্ব ভবন তৈরীর ব্যবস্থাও নেয়া হবে। কিন্তু জেলা প্রশাসনের সেই আশ্বাস আশ্বাসই রয়ে গেছে। আইন মহাবিদ্যালয়ের জন্যে প্রতিশ্রুত জমি আজও দেয়া হয়নি। তাই প্রতিষ্ঠানের নিজস্ব ভবনও আজ পর্যন্ত গড়ে ওঠেনি। প্রতিষ্ঠার পর থেকে আইন মহাবিদ্যালয়ের কাজকর্ম চলে আসছে অস্থায়ী ভিত্তিতে; স্থানীয় জামালপুর হাই স্কুলের দু'টি কক্ষে। ফলে শিক্ষকমণ্ডলী ও ছাত্রছাত্রীদেরকে দৈনন্দিন নানা দুর্ভোগ পোহাতে হয়। প্রতিষ্ঠানের নিজস্ব ভবন না থাকায় ছাত্রছাত্রীদের কমন রুম বা শিক্ষকদের বসার ঘর কোনটিরই ব্যবস্থা হয়নি।